# উপজেলা পরিবার পরিকল্পনা কমিটি বেলাব, নরসিংদীর মাসিক সভার কার্যবিবরনী

**সভাপতিঃ জনাব, মোহাম্মদ সমসের জামান ভূইয়া রিটন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলাব, নরসিংদী।**

সভার স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ। তারিখঃ ২৮/০৫/২০২৩ খ্রিঃ সময়ঃ ১২:০০ টায়।

সভাপতি মহোদয় উপস্থিত হয়ে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত মাসের কার্যবিবরনী পঠিত ও দৃঢ়করন করা হয়। অতপরঃ নিম্মোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | **মাসিক অগ্রগতির আলোচনাঃ** এপ্রিল/২৩ মাসের স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্বতির অগ্রগতি পর্যালোচনাকালে দেখা যায় যে, স্থায়ী পদ্বতি ০২ জন, দীর্ঘমেয়াদী পদ্বতি আইডি ০৯ জন ও ইমপ্লান্ট ০০ সেবা প্রদান করা হয়। এপ্রিল/২৩ মাসের সিএআর ৭৪.৭৬% হয়েছে বলে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে বলেন। | স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্বতির অগ্রগতি বৃদ্বির জন্য বিশেষ কর্মসূচী গ্রহনের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গ্রহন করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)। |
| ২ | **মা ও শিশু স্বাস্থ্য সেবার অগ্রগতি পর্যালোচনাঃ** এপ্রিল/২৩ মাসে বেলাব সদর ক্লিনিক ও ০৬ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ৫৩১ জন গর্ভবতীকে গর্ভকালীন সেবা দেয়া হয়েছে। | মা ও শিশু স্বাস্থ্য সেবা বৃদ্ধির জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/পরিবার কল্যাণ পরিদর্শিকা। |
| ৩. | **ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র বিষয়কঃ** বাজনাব এবং পাটুলী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সমূহে ২৪/৭ ঘন্টা স্বাভাবিক প্রসব সেবা দেওয়া হচ্ছে বলে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন। | কেন্দ্রে স্বাভাবিক প্রসব বৃদ্ধি করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/পরিবার কল্যাণ পরিদর্শিকা। |
| ৪ | **স্যাটেলাইট ক্লিনিকঃ** অত্র উপজেলার সকল ইউনিয়নে পরিবার কল্যাণ পরিদর্শিকার মাধ্যমে ২৯ টি স্যাটেলাইট ক্লিনিক পরিচালিত হয়েছে। এর মাধ্যমে পরিবার পরিকল্পনা সেবা ৯১ জন, গর্ভকালীন সেবা ১৮৩ জন, প্রসোবত্তর সেবা ৬৬ জন, শিশু ২৬০ জন, কিশোর-কিশোরী ১২৬ জন এবং ৮৬৫ জন সাধারন রোগীকে সেবা দেয়া হয়েছে। | সেবার মান বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিবার কল্যাণ পরিদর্শিকা/পরিবার পরিকল্পনা পরিদর্শক/পরিবার কল্যাণ সহকারী। |
| ৫. | **আদর্শগ্রাম, আবাসন ও আশ্রয়ন প্রকল্পঃ** অত্র উপজেলার আদর্শ গ্রাম ও আশ্রয়ন প্রকল্প গুলোতে পরিবার পরিকল্পনা সেবা অব্যাহত আছে এবং পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রতি মাসে একটি স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা সেবা চলমান রয়েছে। | সেবার মান বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিবার কল্যাণ পরিদর্শিকা/পরিবার পরিকল্পনা পরিদর্শক/পরিবার কল্যাণ সহকারী। |
| ৬. | **মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রঃ** পাটুলী মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গত মাসে ০৪ জনকে স্বাভাবিক প্রসব সেবা দেয়া হয়েছে। | সেবার মান বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার/পরিবার কল্যাণ পরিদর্শিকা/পরিবার পরিকল্পনা পরিদর্শক। |
| ৭. | **উঠান বৈঠকঃ** বেলাব উপজেলার ০৮ টি ইউনিয়নে প্রতি মাসে ২টি করে মোট ১৬ টি উঠান বৈঠকের মাধ্যমে মা ও শিশু স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা বিষয়ে কাউন্সেলিং চলমান রয়েছে। | সেবার মান বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিবার পরিকল্পনা পরিদর্শক/পরিবার কল্যাণ সহকারী। |
| ৮. | **স্কুল স্বাস্থ্য শিক্ষাঃ** বেলাব উপজেলায় কর্মরত ০১ জন উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার বেলাব উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কিশোর-কিশোরীদের বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সেবা বিষয়ে ০৪ টি সেশন পরিচালনা করেন। | সেবার মান বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোহাম্মদ সমসের জামান ভূইয়া রিটন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বেলাব, নরসিংদী।

স্মারক নংঃ উপপকা/বেলাব/নর/২০২৩/ ৯৬৮/১(১৫)

তারিখঃ ২৭/০৫/২০২৬খ্রি:

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
২. পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ, জনসংখ্যা ভবন, আজিমপুর, ঢাকা-১২০৫।
৩. জেলা প্রশাসক, নরসিংদী।
৪. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, নরসিংদী।
৫. উপজেলা নির্বাহী অফিসার, বেলাব, নরসিংদী।
৬. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), বেলাব, নরসিংদী।
৭. চেয়ারম্যান, ...................... ইউনিয়ন, বেলাব, নরসিংদী।
৮. অফিস নথি।

27/05/2026

এ.কে.এম. মুনিম আহাম্মেদ সজীব
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অঃদাঃ)
বেলাব, নরসিংদী।